মেহেরপুরে ইসলামী ব্যাংকের উপ শাখার উদ্বোধন

মেহেরপুরে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের বড় বাজার উপ শাখার উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার বেলা ১১ টার সময় মেহেরপুর শহরের বড় বাজার এলাকায় উপশাখা উদ্বোধন করা হয়।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মেহেরপুর জেলা শাখার এ্যাসিসট্যান্ট ভাইস প্রেসিডেন্ট ও ম্যানেজার মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও যশোর জোন প্রধান মোঃ মাকসুদুর রহমান।

এসময় তিনি বলেন, বাংলাদেশের যত পণ্য আমদানি হয় তার প্রায় ১৮ শতাংশ হয়ে থাকে ইসলাম ব্যাংকের মাধ্যমে। আর ২০ শতাংশের মতো রপ্তানি ইসলামী ব্যাংকের মাধ্যমে হয়। এর পরে রেমিটেন্স সারা পৃথিবীতে আমাদের ১ কোটি ১০ লক্ষ এজেন্ট ছড়িয়ে আছে। বিভিন্ন দেশ থেকে রেমিটেন্স তারা আমাদের পাঠান। ১০০ জন যদি রেমিটেন্স পাঠান, তাদের মধ্যে ৫০ জন ইসলামী ব্যাংকের মাধ্যমে পাঠানোই।

তিনি আরো বলেন, আমদানি,রপ্তানি ও রেমিটেন্স বাণিজ্যের ক্ষেত্রে সবার শীর্ষে অবস্থান করছে ইসলামী ব্যাংক। আমাদের কাছ থেকে অনলাইন ভিত্তিক সকল সুযোগ সুবিধা এখানে পাবেন।

বিশেষ অতিথির বক্তব্যে মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, মেহেরপুর বেসরকারি ব্যাংকের মধ্যে প্রথম ব্ ইসলামী ব্যাংক। ব্যাংকের এই উপ শাখাটির জন্য এখন সকলে উপকৃত হবে। কারণ হোটেল বাজারে গাড়ি পার্কিং এর তেমন একটা সুব্যবস্থা ছিল না, মাঝে মাঝে সমস্যার সম্মুখীন হতে হতো। এই উপশাখাটির ব্যবস্থা করার ফলে এতে করে বড় বাজারের ব্যবসায়ীরা তাদের সুবিধামত লেনদেন করতে পারবেন।

এছাড়াও বক্তব্য রাখেন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, ইসলামিক ব্যাংক মেহেরপুর শাখার অফিসার মোঃ ফারুক হোসাইন, বড় বাজার উপ শাখার ইনচার্জ হাবিবুর রহমান, মহিলা উদ্যোক্তা মোছাঃ খোদেজা খাতুন, মোঃ সাঈদ আলী প্রমুখ। পরে ফিতা কেটে উদ্বোধন করা হয়। এসময় সেখানে দোয়া ও মোনাজাত করা হয়।

গাংনীর গাড়াবাড়ীয়াতে সরকারী গাছ কেটে তছরুপাত

গাংনীর গাড়াবাড়ীয়াতে জনগনের নিষেধের তোয়াক্কা না করে রাস্তার পাশে সরকারী গাছ কেটে তছরুপাত করার ঘটনা ঘটেছে।

রবিবার সকালে গাড়াবাড়ীয়া হলদে পাড়া মাঠের রাস্তার ঈদগাহ ময়দানের সামনে ৬ টি বিভিন্ন প্রজাতির গাছ কেটে তছরুপাত করা হয়েছে। হলদে পাড়ার হীমু মিয়ার ছেলে ফারিজ মিয়া এই গাছগুলো কেটে তছরুপ করেছেন বলে জানা গেছে।

এবিষয়ে ফারিজ মিয়া জানান, এই রাস্তা আমার জমি দিয়ে। তাই এটা আমার গাছ। আমি কেটেছি এখানে কার সাথে কি অনুমতি নিতে হবে। । তিনি আমাদের বলেন আমার গাছ আমি কেটেছি এখানে তোমরা নাক গলিও না। আমার কে কি করবে।

গাড়াবাড়ীয়া গ্রামের মেম্বার আবু হানিফ বলেন আমি এখনো দেখিনি তবে কয়েকজন এসে বল্লেন যে জোর করে কাউকে না মেনে রাস্তার গাছ কেটেছেন। তবে আমি চাই যারা গাছ কেটেছেন তাদের কে আইনের আওতায় আনা হোক। এমন কাজের জন্য তীব্র নিন্দা জানিয়ে এর সঠিক বিচারের দাবি জানিয়েছেন এলাকাবাসী।

মুজিবনগরে সপ্তাহব্যাপী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন

মুজিবনগরে শুভ বড়দিন উপলক্ষে সপ্তাহব্যাপী ঐতিহ্যবাহী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন করা হয়েছে। রবিবার বেলা ১২টার সময় মুজিবনগর

উপজেলার বল্লভপুর ফুটবল খেলার মাঠে এ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।প্যারিশ পুরোহিত (ইম্মানূয়েল চার্চ) রেভা.দীপক উজ্জল বিশ্বাস এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সপ্তাহব্যাপী আনন্দ মেলার শুভ উদ্বোধন ঘোষনা করেন চার্চ অব বাংলাদেশ বিশপ অব কুষ্টিয়া ডায়োসিস রাইট রেভা: হেমেন হালদার।
অনুষ্ঠানে বিকাশ বিশ্বাসের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন , বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, বাগোয়ান ৬ নম্বর ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, খ্রিস্টীয় আনন্দ উৎসব কমিটির সম্পাদক মি: আলফ্রেড বিনিময় বিশ্বাস, মেলা কমিটির সম্পাদক মি: মনিন্দ্র মল্লিক প্রমুখ।। অনুষ্ঠানের মাঝে মাঝে দেশাক্তবোধক গান ও রবিন্দ্র সংগীত এর তালে তালে নৃত্য পরিবেশন করেন বল্লভপুর গ্রামের কিশোর কিশোরিরা। অনুষ্ঠানের শুরুতে অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। সব শেষে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলন এবং মশাল প্রজ্জলনের মাধ্যমে সভাপতি খ্রীষ্টিয় আনন্দ মেলার শুভ উদ্বোধন ঘোষনা করেন।

মুজিবনগরে দুইদিন ব্যাপী বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

মুজিবনগরে দুইদিন ব্যাপী ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন করা হয়েছে। রবিবার বেলা ১২ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত) লিংকন বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কাটার মধ্যে দিয়ে এ মেলার শুভ উদ্বোধন করেন।
মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল,মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম।সমাজসেবা অফিসার আব্দুর রবের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন মাধ্যমিক শিক্ষা অফিসার মামুনুর রশিদ।

৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় বিভিন্ন বিদ্যালয় থেকে মোট ১৩ টি স্টল অংশ নেয়।

গাংনীতে অনুপ্রবেশকারি ও হাইব্রীডমুক্ত আওয়ামী লীগ গঠনে সংবাদ সম্মেলন

যারা মহান মুক্তিযুদ্ধের বিপক্ষে দাঁড়িয়ে পাকিস্থানী হানাদার বাহিনীর দোসর হিসেবে বাঙ্গালী জাতি নিধনে অগ্নী সংযোগ, লুণ্ঠন, ধর্ষণ ইত্যাদি ন্যাক্কার জনক কাজে পাকিস্থানী বাহিনীকে নানা ভাবে সহায়তা করেছে, তারা আজ তাদের চেহারা পাল্টে স্বাধীনতার স্বপক্ষের দলে নাম লেখাতে সক্ষম হয়েছে।

যখন দেখি ৭১ এর পরাজিত শক্তি রাজাকার, আলবদর, আলশামস, শান্তি কিমিটর কুলাঙ্গার সন্তানদের গাড়িতে শহীদের রক্তে ভেজা পতাকা, যখন দেখি রাজারকার পরিবারের সন্তানরা এ দেশের মহান মুক্তিযুদ্ধের নেতৃত্বদানকারি সংগঠন বাংলাদেশ আওয়ামী লীগের গুরুত্বপুর্ণ পদে আসিন হয়েছেন, তখন ৩০ লাখ শহীদের আত্মা আর্তনাদ করে।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের বিরুদ্ধে এমন অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করেছে রাজাকার ও অনুপ্রবেশকারি হাইব্রীড মুক্ত আওয়ামী লীগ গঠন বাস্তবায়ন পরিষদ নামের একটি সংগঠন।

শনিবার দুপুরে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করে সংগঠনটি। সংবাদ সম্মেলনে সংগঠনটির আহবায়ক আঃ লতিফ এর সভাপতিত্বে লিখিত বক্তব্য পাঠ করেন রাজাকার ও অুপ্রবেশকারি হাইব্রীড মুক্ত আওয়ামী লীগ গঠন বাস্তবায়ন পরিষদের সদস্য সচিব মোঃ ইসমাইল হোসেন। সংবাদ সম্মেলনের মাধ্যমে গাংনী উপজেলায় এই প্রথম আত্নপ্রকাশ করল সংগঠনটি।

সংগঠনটির দাবী স্বাধীনতা বিরোধী শক্তি, অনুপ্রবেশকারি,

হাইব্রীডদের সন্তানদের আওয়ামী লীগ ও অন্যান্য সহযোগী অংগসংগঠনের নেতৃত্ব বাতিল করতে হবে এবং মক্তিযুদ্ধের চেতনায় সংগঠন গড়ে তুলে স্বাধীনতার প্রকৃত লক্ষ্য উদ্দেশ্য বাস্তবায়ন করতে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী এবং লালনকারি বাঙ্গালীকে পাশে দাঁড়ানোর আহবান জানান সংগঠনটি।

সংবাদ সম্মেলনে মেহেরপুর জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াশিম সাজ্জাদ লিখন,উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন, জেলা পরিষদেও সদস্য মজিরুল ইসলাম, পৌর কৃষকলীগের সভাপতি বদরূল আলম বুদু, সাবেক ছাত্রনেতা আমজাদ হোসেন,আব্দুল আলিম এসময় উপস্থিত ছিলেন।

মুজিবনগরে সড়ক দূর্ঘটনায় একজন নিহত

মুজিবনগরে মটরসাইকেলের সাথে ধাক্কা খেয়ে নিহত হয়েছেন ফিলু (৪৫) নামের একজন নিহত হয়েছে। শনিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে মুজিবনগর-মেহেরপুর সড়কের পুরন্দরপুর বাজারের কাছে এ দর্ঘটনা ঘটে। নিহত ফিলু মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের মৃতঃ খেদের আলীর ছেলে।

স্থানীয়রা জানান, ফিলু সন্ধ্যার পর মাঠ থেকে বাইসাইকেলে করে ঘাস নিয়ে আসছিলো। এমন সময় তিনি পুরন্দরপর বাজারে পৌছালে মুজিবনগর থেকে একটি মটরসাইকেল মেহেরপুরের দিকে যাওয়ার সময় তাকে ধাক্কা মারে। পরে তিনি মাটিতে পড়ে যেয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

এদিকে, মটরসাইকেল আরোহী ২ জনের ভিতরে ড্রাইভারের মাথায় হেলমেট থাকার কারনে তার তেমন ক্ষতি না হওয়ায় সে গাড়ি রেখে পালিয়ে গেলেও পিছনে বসে থাকা ব্যাক্তিটি পড়ে যেয়ে সেও গুরুতর আহত হওয়ায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

মুুজিবনগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) শরিফুল ইসলাম সড়ক দর্ঘটনায় বৃদ্ধের মৃত্যুর বিষয় নিশ্চিত করেন।

মেহেরপুরে শীতার্তদের পাশে “মেহেরপুর ভাবনা”

মেহেরপুরের স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্দ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। শনিবার বিকেলে মেহেরপুর গড় পুকুর পাড়ে অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

স্বেচ্ছাসেবী সংগঠন মেহেরপুর ভাবনা’র সংগঠনটির সভাপতি তানভির আল মামুনের সভাপতিত্বে ও প্রধান সমন্বয়কারী রাতুল আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় এস এস সি ২০০৯ ব্যাচের সহযোগিতায় প্রায় ৪২টি শাল চাদর, ২০ টি বাচ্চাদের হুডি বিতরণ করেছে। সে সাথে ইসলামিক কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহনকারী ৪০ জনকে পুরষ্কৃত করা হয়।

মেহেরপুর ভাবনা’র সাধারণ সম্পাদক শাকিল আহমেদ জানিয়েছে তারা আজ আনুষ্ঠানিকভাবে বিতরণ কাজ শুরু করেছে। শীতবস্ত্র বিতরণের ধারা আগামী দুই দিন অব্যাহত থাকবে। ইতোপুর্বে দুই বার শীতবস্ত্র বিতরণ করেছে। এসময় উপস্থিত ছিলেন সদস্য নুসরাত জামাল, শাকিলা ইয়াসমিন, মাইমুনা প্রমুখ।

গাংনীতে শহিদ মুক্তিযোদ্ধা পরিবারদের সম্মাননা

মেহেরপুরের গাংনীতে মুক্তিযুদ্ধ ও বিজয়ের সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে আলোচনা সভা, শহিদ মুক্তিযোদ্ধা পরিবাবরদের সম্মাননা প্রদান ও মুক্তিযুদ্ধে মেহেরপুর জেলার মানুষের অবদান নিয়ে লেখা বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠিত হয়েছে।
শনিবার দুপুরে উপজেলার ভাটপাড়া নীলকুঠি প্রাঙ্গনে বর্ণাঢ্য

অনুষ্ঠানের আয়োজন করে এলাকাবাসী। অনুষ্ঠানে শহিদ মুক্তিযোদ্ধা এমলাক হোসেনের সন্তান মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সরকারের সাবেক সচিব ও বিশিষ্ট কবি আলকামা সিদ্দিকী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ড. মকলেসুর রহমান ও গাংনী উপজেলা মুক্তি বাহিনীর টিম লিডার বীর মুক্তিযোদ্ধা মোফাজ্জেল হোসেন। অনুষ্ঠানে শহিদ মুক্তিযোদ্ধা এমলাক হোসেন, উজির আলী মালিথ্যা, আবুল কাশেম, হারিস উদ্দিনসহ সাত শহিদ পরিবারের সদস্যদের সম্মাননা প্রদান করা হয়।
মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমীন ধুমকেতুর সার্বিক ব্যাবস্থাপনা ও সঞ্চালনায় অনুষ্ঠানে কক্তব্য রাখেন, বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যাবস্থাপক খালেদুজ্জামান জুয়েল, ডা.মাহাবুবুল আলম বিপ্লব,কৃষিবিদ আশরাফুল ইসলাম স্বপন, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান এ্যাডভেঅকেট শফিকুল আলম।
অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের স্মৃতি তুলে ধরে অন্যান্যদর মধ্যে বক্তব্য রাখেন,,কাথুলী উইপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, সাহারাবটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, গাংনী মহিলা কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী, মুজিবনগর সরকারি কলেজের অধ্যক্ষ মুরাদ হোসেন প্রমুখ।
অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, জাতীয় পতাকা উত্তোলন, শহীদ পরিবারকে সম্মাননা ক্রেস্ট প্রদান ও মুক্তিযুদ্ধে মেহেরপুর বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। ১৯৭১ সালে মেহেরপুরে যারা পাক বাহিনীর হাতে নির্মমভাবে হত্যা হয়েছেন তাদের রাস্ট্রীয়ভাবে স্বীকৃতির দাবীও জানান বক্তারা।

মেহেরপুরে সাবেক ছাত্রনেতাদের মতবিনিময় সভা

‘চলমান রাজনীতি, মেহেরপুর প্রেক্ষিত: সাবেক ছাত্রনেতাদের ভাবনা’ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার রাতে মেহেরপুরের ফিনফুড মিলনায়তনে ‘ইউনাইটেড মেহেরপুর’ এর ব্যানারে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সাবেক ছাত্রনেতা আব্দুল মান্নানের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, সাবেক ছাত্রনেতা, বাংলাদেশ আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য এম.এ. এস ইমন, বাংলাদেশ আওয়ামীলীগের সংস্কৃতি বিষয়ক উপকমিটির সদস্য আসলাম শিহির, সাবেক ছাত্র লীগ নেতা অ্যাড. রফিকুজ্জামান বাবু।

বক্তব্য দেন সাবেক ছাত্রনেতা, সুবক্তগীন মাহামুদ পলাশ, রেজাউর রহমান নান্নু, মোস্তাফিজুর রহমান বাবুল, মমিনুল ইসলাম, নিশান সাবের, আতিক স্বপন, মোস্তাফিজুর রহমান চন্দন, শরীফ রেজা পান্না, বেলাল হোসেন, শেখ মোমিন, নুরুল ইসলাম রিন্টুসহ প্রমুখ।

গণমাধ্যম কর্মীদের মধ্যে উপস্থিত ছিলেন, ইয়াদুল মোমিন, মাহাবুব চান্দু, তুহিন অরণ্য, মিজানুর রহমান, মর্তুজা ফারুক, সাঈদ হোসেন, মাহাবুবুল হক, মাসুদ রানা,মেহের আমজাদ, ফারুক মল্লিক, রামিজ আহসান সহ প্রমুখ।

মতবিনিময় সভায় সাবেক ছাত্র নেতারা বলেন, তারা বাংলাদেশ ছাত্রলীগের রাজনীতি করার সময় নানা হয়রানি, মামলা, হামলার শিকার হয়েছে। খেয়ে না খেয়ে রাজনীতির মাঠে থেকেছেন। জীবনের গুরত্বপূর্ণ সময় তারা রাজনীতিতে ব্যয় করেছেন। অথচ বাংলাদেশ আওয়ামী লীগ ও তার অঙ্গ সংগঠনের কোন কমিটিতে তারা মূল্যায়ন পাননা। আজ যারা কোনদিন রাজনীতি করেননি তারা বড় বড় পদ নিয়ে রাজনীতি করছেন। অথচ সাবেক ছাত্রনেতাদের কথা কেউ মনে রাখেনা। তাদের কেউ খোঁজ রাখেন না।

ছাত্রনেতারা আরো বলেন, এই মতবিনিময় সভার মাধ্যমে তারা সিদ্ধান্তে উপনিত হন যেন দলীয় ফোরামে যাতে তাদের মূল্য্য়ন করা হয়। দলের সবোর্চ্চ নীতি নির্ধারণি পর্যায়ে তাদের দাবির বিষয়টি তুলে ধরতে চান। এবং এই প্লাটফর্মের মাধ্যমে তারা সাবেক ছাত্র নেতাদের একত্রিত করে আগামি কমিটিগুলোতে সাবেক ছাত্রনেতাদের দেখতে চান।

মেহেরপুরে ফেন্সিডিলসহ আটক ১

মেহেরপুর জেলা পুলিশের মাদকবিরোধী অভিযানে রুপা খাতুন নামের এক নারীকে ৫ বোতল ফেন্সিডিলসহ আটক করেছে সদর থানা পুলিশের একটি দল।

বৃহস্পতিবার রাত আটটার দিকে সদর থানা পুলিশের এএসআই কোহিতুর এর নেতৃত্বে শহরের ভূমি অফিস পাড়ায় অভিযান চালিয়ে রুপাকে আটক করা হয়। রুপা খাতুন শহরের ভূমি অফিস পাড়ার ইউসুফ আলীর মেয়ে।

এএসআই কহেতুর জানান, শহরের ভূমি অফিস পাড়ায় একাধিক মাদক মামলার আসামি রুপার বাড়িতে তল্লাশি করে ৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

এর মধ্যে পুলিশের উপস্থিতি টের পেয়ে দুই বোতল ফেন্সিডিল চুলার ভিতরে ফেলে দেয়। তার বাড়িতে পুলিশ সদস্যরা তল্লাশি চালাতে গেলে বটি দিয়ে আমাদেরকে মারার হুমকি দেয়।

পরে পুলিশের সকল সদস্য নিয়ে তার বাড়িতে তল্লাশি চালিয়ে বাড়ির বিভিন্ন জায়গায় ফেলে রাখা ৩ বোতল ফেন্সিডিল আমরা উদ্ধার করি। পরে তাকে আটক করে মেহেরপুর সদর থানায় নিয়ে আসা হয়। তার নামে থানায় আরও মাদকের মামলা রয়েছে।